



216716 - তারা তাদের কর্মীকে একটা লভ্যাংশ দিয়ে এবং এ লভ্যাংশটি বাধ্যতামূলকভাবে মুনাফাভিত্তিক সুদী ব্যাংকে জমা রাখে। এর হুকুম কী?

প্রশ্ন

আমি কানাডার একটা এ্যালুমিনিয়াম ফ্যাক্টরিতে চাকুরী করি। প্রতি বছর শেষে কোম্পানী কর্মীদেরকে লাভের একটা অংশ প্রদান করে। তারা কর্মীদেরকে একটা অংশ নগদ প্রদান করে। আর একটা অংশ বাধ্যতামূলকভাবে ব্যাংকে রাখে; যা রটার্ড করার সময় পাওয়া যাবে। যে অংশটি ব্যাংকে রাখা হয় এর উপর সুদভিত্তিক মুনাফা আসে। এর থেকে বাঁচার উপায় নাই। তবে এ মুনাফাকে এড়িয়ে যাওয়ার একটা উপায় আছে। সেটা হল এ অংশটি তাদের সাথে বিনিয়োগ করা। কিন্তু সে ক্ষেত্রেও তারা এ অংশটি হারাম ব্যবসায় খাটাবে; যমেন- সুদী ব্যাংক, এ্যালকো হল, সগিারটে, আরও অন্যান্য জনিসি এবং সুদী ব্যাংকগুলোর অন্যান্য ইনভেস্টমেন্টে।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

প্রতি বছর শেষে কোম্পানী যে অংশটি প্রদান করে এটা কর্মীদের পারিশ্রমিক ও বেতনের একটা অংশ। যহেতে এই অংশটি আলাদা করে কর্মীর জন্য নরিদ্বিট একাউন্টে রাখা হয় সুতরাং এটা উক্ত কর্মীর মালিকানাধীন সম্পদ হিসেবে গণ্য। কিন্তু চাকুরীকালীন সময়ে, রটার্ড করার আগে এ অংশের মধ্যে হস্তক্ষেপ করার সুযোগ না দেওয়াটা এ অংশের উপর তার মালিকানাকে খর্ব করে; যদিও মূল মালিকানাকে বাতলি করে না।

কোম্পানী কর্তৃক এ অংশটি সুদী ব্যাংকে রাখা নরিটে অন্যায় ছাড়া আর কিছু নয়। যহেতে তারা হারামভাবে অংশটি জমা রেখে তার অধিকারের উপর হস্তক্ষেপ করেছে। যদি আমরা এ কথা ধরতে নাহি যে, চাকুরীর চুক্তিপত্রের সেই করার মাধ্যমে তার সম্মতির ভিত্তিতে এই অংশের উপর হস্তক্ষেপ করা থেকে তাকে বরিত রাখা হচ্ছে। কিন্তু তদুপরিকোন অবস্থায় এই অংশ সুদী কারবারে জমা রাখা তাদের জন্য বৈধ হতে পারে না।

এ অংশটি গ্রহণ করার পর কর্মীর উপর আবশ্যিক হবে: এটাকে সুদ মুক্ত করা; যদিও শুরুতে তিনি তাতে সন্তুষ্ট ছিলেন না। কেননা এ সুদ তার অংশ থেকে উৎপন্ন। তিনি সম্পদকে মুক্ত করবেন এভাবে: অতিরিক্ত সুদটা কোন ভাল কাজে দান করে দাবিনে; যাতা করে হারাম মাল থেকে নিজেকে মুক্ত করতে পারেন। তবে, অতিরিক্ত সুদটা তাদের জন্য রেখে দাবিনে না।

আর যদি বিষয়টি এমন হয় যে, এ সম্পদকে নরিটে সুদের মাধ্যমে বৃদ্ধিকরা নতুবা হারামমশিরতি বিনিয়োগের মাধ্যমে বৃদ্ধি



করা: তাহলে নঃসন্দহে দ্বিতীয় অপশনটি প্রথমটির চেয়ে কম গুরুতর। সত্বে ক্ষত্রেও অর্থাটি গ্রহণ করার পর হারাম অংশ থেকে এটাকে মুক্ত করা আবশ্যকীয়। সাধ্যানুযায়ী হারাম অংশে পরিমাণ নির্ধারণ করার চেষ্টা করবে।

আল্লাহই সর্বজ্ঞ।